

শ্রীশ্রীহরি সঙ্গীত

১১৯ নং তাল-একতাল

আমার জন্ম মৃত্যু দুটি অশৌচ প'ল।

তাইতে পূজা ব্রত, হ'ল হত, আমার বৈদিক ক্রিয়া
বাদ, পড়িল হারে বাদ পড়িল ॥

- ১। হরি প্রেম রোগে আক্রমণ, আমায় করিল যখন,
ছিল অঙ্কপাসে, মা মহামায়া, ত্যজিল জীবন।
গুরুকৃপা ক্রমে, বিবেক নামে,
সেইদিন এক পুত্র হ'ল, হারে পুত্রহ'ল ॥
- ২। ঠেকেছি গুরুদশার দায়, ভাগ্যে কি যেন কি হয়,
শৌচ আচার, ত্যজিল আমায়, হলেম অশৌচী আশ্রয়।
আমায় সাজায়ে বেহাল, পথের কাঙ্গাল, ভাবের উত্তরী,
এক গলায় দিল, হারে গলায় দিল
- ৩। শ্রীহরি পাদপদ্ম-গয়ায়, শ্রীগুরু পাঠালেন আমায়
যোগ মায়া জননীর শ্রাদ্ধ, করিবার আশায়।
আমার সব যু'চায়ে, মন মুড়া'য়ে, মন পোড়া আউল করিল,
হারে আউল করিল ॥
- ৪। কাটিতে ক'ট কৌপিন দিয়ে, অনুরাগ ডোর তায় পরায়ে,
নিহেতু এক শিক্ষা শিরে, দিল বুলায়ে।
আমায় ভক্তি তিলক ফেঁটা দিয়ে,
বিনা সুতের মালা দিল, হারে মালা দিল ॥
- ৫। মহানন্দের এই ভারতী, এইরূপে সেজে প্রকৃতি,
দিবানিশি সেবা কর শ্রীগুরু পতি, অশ্বিনী তোর কি দুর্গতি।
গুরুর প্রতি রতি না হ'ল, হারে মতি না হ'ল ॥

১২০ নং তাল-কাশ্মিরী

কেউ যদি চেউ ধরতে পার, প্রেম সরোবরে।

অখণ্ড ব্রহ্মাণ্ড সে চেউ, চলে ভেদ ক'রে ॥

- ১। চেউ লেগেছে যার অন্তরে, সেও কি ঘরে রইতে পারে।
ঝাপ দিয়ে সেই প্রেম সাগরে, আর ফিরে এলোনা ঘরে ॥